দৈনিক বাংলা

তারিখ 11 OCT 1987
পৃষ্ঠা ... 7 কলাম 7

012

# ময়মনসিংহে প্রাইমারী স্কুলের দেড় শতাধিক শিক্ষকের পদশূন্য

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ ৯ই অক্টোবর।— ময়মনসিংহ জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে দেড় শতাধিক প্রাথমিক শিক্ষকের পদ দীর্ঘদিন থেকে শূন্য পড়ে আছে। ফলে এই জেলার সংশ্লিষ্ট স্কুলগুলোতে প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে।

এই জেলায় এমনিতেই প্রাথমিক শিক্ষকের সংখ্যা অনেক কম। সরকারী নিয়ম অনুযায়ী প্রতি ৫০ জন ছাত্রছাত্রীর জন্যে একজন করে শিক্ষক থাকার কথা। কিন্তু ময়মনসিংহ জেলায় প্রতি ১৭০ জন ছাত্রছাত্রীর জন্য একজন করে শিক্ষক রয়েছেন।

তার মধ্যে আবার ১৪৩টি শিক্ষকের পদ দীর্ঘ দিন থেকে শূন্য পড়ে আছে। স্থানীয় শিক্ষা প্রশাসন জানিয়েছে, এসব শূন্য পদ পূরণের জন্য একাধিকবার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সংশ্লিষ্ট স্কুলগুলোতে শিক্ষকের অভাবে ছাত্রছাত্রীদের পড়ালেখা ব্যাহত হচ্ছে।